গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬/০৫/২০১৫ তারিখ বুধবার সকাল ১১-০০ ঘটিকায় যুব ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের "নৈতিকতা কমিটি" এর ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	জনাব নূর মোহাম্মদ সচিব যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
সভার তারিখ	ঃ	০৬/০৫/২০১৫
সময়	ঃ	সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান	ঃ	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা	ঃ	পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতির অনুমতিক্রমে জনাব জাকির আহমেদ, যুগ্ম-সচিব (প্রশাসন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সভা পরিচালনা করেন। সভার প্রারম্ভে যুগ্ম-সচিব (প্রশাসন) উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা, উপ-সচিব (প্রশাসন) জনাব মোঃ সিরাজুল হক বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সভাপতি মহোদয় নৈতিকতা কমিটির কার্য পরিধিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে অন্তরায়সমূহ চিহ্নিত করে সেগুলো দুরীকরণের জন্য সময়াবদ্ধ (১জানুয়ারি ১৫ হতে ৩০ জুন ২০১৬ পর্যন্ত) নিজস্ব কর্ম-পরিকল্পনা প্রণয়নের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বিগত সভার কার্যবিবরণীর কর্ম-পরিকল্পনা এবং অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্তকে ভিত্তি ধরে দপ্তর/সংস্থার নিজস্ব কর্ম-পরিকল্পনা গ্রহণের অনুরোধ করেন। এ মন্ত্রণালয়ের প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা পদোন্নতি জনিত কারণে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদান করায় প্রশিক্ষণ না নিয়েও অক্লান্ত পরিশ্রম করে কার্যপত্র তৈরী করার জন্য জনাব মোঃ সিরাজুল হক উপ-সচিব(প্রশাসন) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া দপ্তর/সংস্থায় নিজস্ব কর্ম-পরিকল্পনা প্রণয়নকালে কোন পরামর্শের প্রয়োজন হলে তা ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে আলোচনা করে সমাধান করার জন্য সকলকে অনুরোধ জানান। অতঃপর সভাপতি অদ্যকার কার্যপত্র অনুযায়ী সময়াবদ্ধ বিষয় ভিত্তিক কর্মপরিকল্পনা আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে উপস্থাপনের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান, রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রবর্তিত হয়েছে।

অপর পাতা দ্রষ্টব্য

কৌশলপত্রটিতে রাষ্ট্রীয় ১০টি এবং অরাষ্ট্রীয় ০৬ টি প্রতিষ্ঠানে শুদ্ধাচার প্রতিষ্ঠার উদ্দেশ্যে প্রতিষ্ঠানসমূহের প্রেক্ষাপট ও চ্যালেঞ্জ বিধৃত করে প্রতিষ্ঠান সমূহের লক্ষ্য, সুপারিশ ও কর্ম-পরিকল্পনা উপস্থাপন করা হয়েছে। কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে স্বল্প-১ বছর মেয়াদী, মধ্য-৩ বছর মেয়াদী এবং দীর্ঘ -৫ বৎসর মেয়াদী কার্যক্রম গ্রহনের প্রস্তাব করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৬.০২.১৫ ইং তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.১৪.০০১.১৫.০০২ নং পত্রের নির্দেশনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ১জানুয়ারি ২০১৫ হতে ৩০ জুন ২০১৬ পর্যন্ত (দেড় বৎসর) সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়নের নিমিত্তে আজকের নৈতিকতা কমিটির সভা । সভায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে সময়াবদ্ধ ১২টি বিষয় ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলে নৈতিকতা কমিটি বিষয় ভিত্তিক আলোচনা পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়		অনুমোদনকারী কর্তৃপক্ষঃ নৈতিকতা কমিটি তারিখ-০৬-০৫-২০১৫			
কার্যক্রমসমূহ	সময়সীমা	নির্দেশক			দায়িত্ব
		ডিসেম্বর/১৪ পর্যন্ত অর্জন	লক্ষ্য	পরিমাপের একক	
১. সাংগঠনিক ব্যবস্থাপনা					
১.১ নৈতিকতা কমিটি গঠন	১৮ জুন ২০১৩ তারিখে গঠিত	-	-	গঠিত	নৈতিকতা কমিটি ও ফোকাল পয়েন্ট
১.২ নৈতিকতা কমিটির নিয়মিত সভা আয়োজন	তিন মাস অন্তর	০১	০৬	সভা/বছর	নৈতিকতা কমিটি ফোকাল পয়েন্ট
১.৩ শুদ্ধাচার ও সুশাসনের সমস্যাসমূহ চিহ্নিত করণ ও সমাধানে আলোচনা অনুষ্ঠান।	তিন মাস অন্তর	০১	০৬	সংখ্যা/বছর	নৈতিকতা কমিটি ফোকাল পয়েন্ট
১.৪ সংস্থা পর্যায়ে নৈতিকতা কমিটি গঠন ও নিজস্ব কর্ম-পরিকল্পনা প্রণয়ন	কমিটি গঠিত	০৪	-	কমিটি গঠিত	স্ব-স্ব প্রতিষ্ঠানের নৈতিকতা কমিটি
১.৫ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট নিয়োগ	১৮ জুন ২০১৩ তারিখে গঠিত	-	-	নিয়োগকৃত	নৈতিকতা কমিটি ফোকাল পয়েন্ট
১.৬ দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট নিয়োগ	০৫টি দপ্তর/সংস্থা	০৪	-	নিয়োগকৃত	নৈতিকতা কমিটি ও স্ব-স্ব প্রতিষ্ঠান
১.৭ ফোকাল পয়েন্টে দায়িত্ব -কর্তব্য নির্ধারণ ও কর্মবন্টনে অন্তভুক্ত করণ	জুন/ ১৫	-	-	নির্ধারণ ও অন্তভূক্তি	নৈতিকতা কমিটি প্রশাসন-১ শাখা
১.৮ দপ্তর/ সংস্থা ফোকাল পয়েন্টের দায়িত্ব -কর্তব্য নির্ধারণ ও কর্মবন্টনে অন্তভুক্ত করণ	জুলাই/১৫	-	-	নির্ধারণ ও অন্তভূক্তি	স্ব-স্ব প্রতিষ্ঠানের নৈতিকতা কমিটি
১.৯ স্টক হোল্ডারদের সাথে নৈতিকতা কমিটির সভা আহবান।	ডিসেম্বর/১৫	-	-	সংখ্যা/বছর	স্ব-স্ব প্রতিষ্ঠান এবং নৈতিকতা কমিটি

অপর পাতা দ্রষ্টব্য

২. সচেতনতাবৃদ্ধি					
২.১ সচেতনার বৃদ্ধির লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে আলোচনা সভা	আগস্ট/১৫ও মার্চ/১৬	-	০২	সভা/বছর	নৈতিকতা কমিটি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
২.২ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ে কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধি মূলক আলোচনা সভা	ডিসেম্বর/১৫	-	১০	সভা/বছর	নৈতিকতা কমিটি স্ব-স্ব প্রতিষ্ঠানের ফোকাল পয়েন্ট কর্মকর্তা

৩. দক্ষতা উন্নয়ন

কার্যক্রমসমূহ	সময়সীমা	নির্দেশক			দায়িত্ব
		ডিসেম্বর/১৪ পর্যন্ত অর্জন	লক্ষ্য	পরিমাপের একক	
৩.১ দক্ষতা উন্নয়নের ক্ষেত্র চিহ্নিতকরণ ও প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন	জানুয়ারি/১৬	-	-	-	নৈতিকতা কমিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৩.২ দপ্তর/সংস্থার ট্রেনিং কোর্স কারিকুলামে শুদ্ধাচার কৌশল অর্ন্তভূক্ত করণ এবং প্রশিক্ষণ প্রদান	ফেব্রুয়ারি/১৬	-	-	প্রশিক্ষণার্থী	দপ্তর/সংস্থার প্রধান ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৩.৩ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুতপূর্বক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ	জুন/১৫	-	-	-	নৈতিকতা কমিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৩.৪ দপ্তর/সংস্থার প্রধানগণ দক্ষতা উন্নয়েন জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ	জুন/১৫	-	-	-	দপ্তর/সংস্থার প্রধান ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

৪. বিদ্যমান আইন ও বিধিবিধান এর সমস্যা চিহ্নিতকরণ ও সমাধান

কার্যক্রমসমূহ	সময়সীমা	নির্দেশক			দায়িত্ব
		ডিসেম্বর/১৪ পর্যন্ত অর্জন	লক্ষ্য	পরিমাপের একক	
৪.১ জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার নীতিমালা প্রণয়ন	জানুয়ারি/১৬	-	-	ক্রীড়া নীতিমালা	জাতীয় ক্রীড়া পরিষদ এবং ক্রীড়া-১ শাখা
৪.২ জাতীয় যুবনীতি যুগোপোযোগী করা	জুন/১৬	-	-	যুব নীতি	যুব উন্নয়ন অধিদপ্তর ও যুব -১শাখা

অপর পাতা দ্রষ্টব